47

দৈনিক ইনকিলাব

তারিখ 29 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

# চিঠিপত্র

## জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস) কোর্সের এখনো পূর্ণাঙ্গ সিলেবাস দেয়া হয়নি। তবে সংক্ষিপ্ত সিলেবাস দেখে মনে হলো বিকম (পাস) কোর্সে ব্যবস্থাপনা বিভাগে বাণিজ্য বা পরিসংখ্যান পত্রটি অন্তর্ভুক্ত করা হয়নি।

কলা ও বিজ্ঞান বিভাগের কোন কোন বিষয়ের সাথে এ গুরুত্বপূর্ণ বিষয়টি অন্তর্ভুক্ত হলেও ব্যবস্থাপনা (পাস) কোর্সে অন্তর্ভুক্ত না হওয়াটা বিস্ময়কর।

ছাত্র-ছাত্রীরা এতে ভীষণভাবে একটি বিশেষ বিষয় থেকে বঞ্চিত হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ বিষয়ে যত্নবান হওয়ার অনুরোধ জানাই।

—কাজী গোলাম মোর্শেদ ও কালাম, রংপুর।

## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড সমীপে

ধন্যবাদ, গত ৯-২-৯৪ ইং তারিখে বহুল প্রচারিত দৈনিক ইনকিলাবে প্রকাশিত চিঠির জন্য বেগমগঞ্জ সোনাইমুড়ীর হাঃ আলীয়া মাদ্রাসার ভাই মোঃ মাহ্‌মুদুর রহমান হারুন ও মীর হোসাইনকে। আপনারা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সমীপে বক্তব্য পেশ করেছেন। আমরাও চিন্তায় অধীর ছিলাম। কিভাবে কোন্ পদ্ধতিতে প্রশ্নগুলো হবে। এবারই নতুন পদ্ধতিতে প্রশ্ন হতে যাচ্ছে। আসরীয়া থেকে অনুবাদ থাকবে, না বড় প্রশ্ন থাকবে, না ব্যাখ্যা থাকবে, না তাহ্‌কীক থাকবে, তা কিছুই বুঝা যাচ্ছে না। মাদ্রাসা বোর্ড সমীপে জোর আবেদন জানাচ্ছি যে, আমাদের অভিযোগ সমাধানকল্পে দ্রুত পদক্ষেপ গ্রহণ করে হাজার হাজার পরীক্ষার্থীদের চরম হতাশার অবশান ঘটান হোক।

—মোঃ রফিকুল ইসলাম,
ও
শহিদুল ইসলাম
ঝিট্‌কা গাঃ আজম আঃ কাদের
জিলানী (রহঃ)
দাখিল মাদ্রাসা, হরিরামপুর,
মানিকগঞ্জ।